

প্রেস রিলিজ

আটাব সরকার নিবন্ধিত প্রায় ৪০০০ ট্রাভেল এজেন্সির একটি অলাভজনক ও অরাজনৈতিক সংগঠন। আটাব ১৯৭৬ সালে প্রতিষ্ঠার পর থেকে সদস্যদের কল্যাণের পাশাপাশি বাংলাদেশের এভিয়েশন ও পর্যটন খাতের উন্নয়নের লক্ষ্যে দীর্ঘ দিন যাবৎ নিরস ভাবে কাজ করছে। গণতান্ত্রিকভাবে প্রতি দুই বছর অন্তর নির্বাচনের মাধ্যমে আটাবের কার্যনির্বাহী পরিষদ গঠিত হয়। এরই ধারাবাহিকতায় গত ৫ই মার্চ একটি স্বচ্ছ, নিরপেক্ষভাবে অনুষ্ঠিত নির্বাচনে তিনটি প্যানেলের মধ্যে চরম প্রতিদ্বন্দ্বিতার মধ্য দিয়ে আটাবের বর্তমান কমিটি জয়লাভ করে আটাব কার্যনির্বাহী পরিষদ গঠন করে। আটাব-এর লক্ষ্য গঠনতন্ত্র মোতাবেক সকল এজেন্সির ব্যবসা করার জন্য সমান সুযোগ-সুবিধা নিশ্চিতকরণ, এই সেক্টরের দুর্বোধি দমন এবং এই ব্যবসাকে ব্যবহার করে যেন কোন মানিলভারিং করতে না পারে তার জন্য যথাযথ নীতিমালা, নির্দেশনা, মনিটরিং ও আইনের প্রয়োগ নিশ্চিতকরণ। লাইসেন্স গ্রহণপূর্বক বৈধ ব্যবসায়ীদের আটাব স্বাগত জানায়। সময়ের সাথে সাথে ট্রাভেল এজেন্সি ব্যবসার কাঠামো ও পরিধি সম্প্রসারিত হয়েছে ফলে ব্যবসা পরিচালনায় সুযোগের পাশাপাশি বিভিন্ন সমস্যা ও প্রতিকূলতা সৃষ্টি হচ্ছে এবং ট্রাভেল এজেন্সি ব্যবসায়ীদের মাঝে বৈষম্য ও নানা অনিয়ম সৃষ্টি হয়েছে।

ট্রাভেল এজেন্সি ব্যবসা ও বর্তমান প্রেক্ষাপটে আটাবের একটি মিডিয়া ব্রিফিং শনিবার ১৯ অক্টোবর, ২০২৪ তারিখে রাজধানীর হোটেল ভিট্টেরী, সাংগু হলে অনুষ্ঠিত হয়। মিডিয়া ব্রিফিং-এ বক্তব্য প্রদান করেন আটাব সভাপতি জনাব আবদুস সালাম আরেফ এবং নিম্নলিখিত বিষয়সমূহে সরকারের দৃষ্টি আকর্ষণ করেন ও প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ জানান।

১. অনলাইন ট্রাভেল এজেন্সি (ওটিএ) ব্যবসা পরিচালনার যথাযথ নীতিমালা প্রণয়ন।
২. এয়ার টিকেটের মজুতদারী ও সিডিকেট বন্ধ করে গ্রুপ টিকেটিং এর নীতিমালা / নির্দেশনা প্রদান।
৩. টিকেটের গায়ে এজেন্সির নাম, যোগাযোগের ফোন নম্বর, টিকেটের মূল্য উল্লেখ বাধ্যতামূলককরণ।
৪. বিদেশী ওয়েবসাইট/এপিআইগুলো যাতে বাংলাদেশে অবেদ্ধভাবে ব্যবসা পরিচালনা করতে না পারে সেজন্য বিদেশী Website/API ব্লক ও জরুরীভাবে অর্থ পাচার বন্ধকরণ।
৫. ত্রুটীয় দেশ (যাত্রা ও গন্তব্যের দেশ ব্যতীত অন্য কেন দেশ যেমনঃ- ভারত, দুবাই, সিঙ্গাপুর) থেকে বিক্রয়কৃত টিকেটের যাত্রী বাংলাদেশ বিমান বন্দরে অনবোর্ড বন্ধকরণ। এরফলে ত্রুটীয় দেশ হতে টিকেট বিক্রয় ও অর্থ পাচার বন্ধ হবে।
৬. এয়ার টিকেট বিক্রয়ের নামে শত শত কোটি টাকা অতিম অর্থ সংগ্রহের বিপরীতে ইনসেন্টিভ প্রদান বন্ধ করতে দ্রুত পদক্ষেপ গ্রহণ।
৭. এ বিষয়ে সম্ভাব্য অরাজকতা ও জনস্বার্থহানি প্রতিরোধ করতে ও ট্রেডে বৈষম্য রূপতে ট্রাভেল এজেন্সির এয়ারলাইনের মূল্যের চেয়ে কম মূল্যে টিকেটের ভাড়া প্রদর্শন, বিজ্ঞাপন, বিক্রয় ও বিপণন করতে না পারে সে ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক নির্দেশনা প্রদান।
৮. নিবন্ধনবিহীন ভুয়া এজেন্সিদের অবেদ্ধভাবে ব্যবসা পরিচালনা, এয়ার টিকেট ও ভ্রমণ সংক্রান্ত সেবা বিক্রয় বন্ধ করার ব্যবস্থা গ্রহণ।
৯. লাইসেন্সবিহীন কোন ট্রাভেল এজেন্ট, ট্যুর অপারেটর অথবা কোন প্রতিষ্ঠানকে ব্যবসা করার জন্য অনলাইন ট্রাভেল এজেন্সি (ওটিএ) যাতে লগইন আইডি প্রদান না করে সে মর্মে নির্দেশনা প্রদান ও মনিটরিং করা।

মিডিয়া ব্রিফিং-এ আরও উপস্থিত ছিলেন আটাব মহাসচিব জনাবা আফসিয়া জান্নাত সালেহ, সহ-সভাপতি জনাব মুস্তাফিজুর রহমান হিরো, যুগ্মমহাসচিব জনাব আতিকুর রহমান, উপমহাসচিব জনাব তোয়াহা চৌধুরী, অর্থসচিব জনাব মোঃ সফিক উল্যাত্ নাসু, আটাব কার্যনির্বাহী পরিষদ ও ঢাকা আঞ্চলিক পরিষদ এর সদস্যবৃন্দ, আটাবের প্রবীণ ও নবীন নেতৃবৃন্দ ও বাংলাদেশের গণ্যমাণ্য সংবাদমাধ্যম কর্মীগণ।

আফসিয়া জান্নাত সালেহ

মহাসচিব

মোবাইল/হোয়াটসএ্যাপঃ ০১৬৭৮১৩১৬০১